গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা প্রশাসক, জয়পুরহাট
তারিখ : ২৫ জুন, ২০২৩ খ্রি:
সময় : সকাল ১২:০০ টা
স্থান : জেলা প্রশাসক, জয়পুরহাট এর সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২৩) এর সংযোজনী-৭ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং ১.২ কার্যক্রম অংশে পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কমিটির কার্যপরিধি অনুয়ায়ী কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও আওতাধীন অফিসের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রম: | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ২৫/০৬/২০২৩ | ০৪টি | ০৪টি | ১০০% |

অতঃপর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন:** সদস্য সচিব, সহকারী কমিশনার (সাধারণ শাখা) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া তরান্বিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী গত ২২ জুন, ২০২৩ তারিখে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে।<br><br>যেহেতু প্রতি ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে সেহতু চলতি অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে এর মধ্যে কমিটি যথাযথভাবে পুনর্গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা আয়োজন। | ১। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।<br>২। উপজেলা নির্বাহী আফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে নিজস্ব ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে।<br>৩। এ কার্যালয় ও আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও কার্যালয়ে প্রেরণ ও স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| | এ বিভাগের আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করে পাঁচবিবি, কালাই, ক্ষেতলাল ও আক্কেলপুর উপজেলার পরিবীক্ষণ কমিটির তথ্য হালনাগাদ পাওয়া যায়নি। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সভাপতি বলেন যে, কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি জেলার ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। তিনি এ কার্যালয় ও সকল উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আহবান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তাবয়নের পরামর্শ প্রদান করেন। | | |
| ০২. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভার আয়োজন:**<br>সদস্য সচিব সভাকে জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। | ০১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা জুন ২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |
| ০৩. | **ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ):**<br>সদস্য সচিব জানান যে, নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতির সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত করার পর গত ২২/০৬/২৩ তারিখে ওয়েবসাইটের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি ৪র্থ ত্রৈমাসিক এ হালনাগাদ করার প্রয়োজনীতা আছে কিনা তা জানতে চাওয়া হয়। কমিটির সকল সদস্যগণ এ কার্যালয়ের আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। সদস্য সচিব জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। | ১। এ কার্যালয়ের ৪র্থ ত্রৈমাসিক এ সিটিজেন চার্টার হালনাগদ করতে হবে।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরমেটে ০৮ কলামে এবং সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভন্ত করে প্রস্তুত ও হালনাগাদপূর্বক স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটের নির্বারিত সেবাবক্সে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট জেলা<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৬/২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ (৮৮+) ০৫৭১-৬২২১০
adcgjoypurhat@mopa.gov.bd

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৬.২১- ৫০১

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২। ........................................................................................ .জয়পুরহাট।

২৫/০৬/২৩

(মো: হাবেল উদ্দিন)
সহকারী কমিশনার
জয়পুরহাট
ফোন:(+৮৮)০৫৭১-৬২৩০৬
acgjoypurhat@gmail.com